

**বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন**  
টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫  
ই-মেইল: berc2003@gmail.com, ফ্যাক্স: ৫৫০১৩৫১৮  
ওয়েব সাইট: www.berc.org.bd।

নম্বর: ২৮.০১.০০০০.০১২.০৪.০০৩.২০. ৬৪৯

তারিখ: ২৭ ফেব্রুয়ারি ২০২০।

## প্রেস রিলিজ

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিউবো) বিদ্যুতের পাইকারি (বাঙ্ক) মূল্যহার বৃদ্ধির জন্য ১৫ অক্টোবর ২০১৯ তারিখে এবং পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিমিটেড (পিজিসিবি) বিদ্যুতের সঞ্চালন মূল্যহার (হাইলিং চার্জ) বৃদ্ধির জন্য ২০ অক্টোবর ২০১৯ তারিখে কমিশনে আবেদন দাখিল করে। বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানী হিসেবে বিভিন্ন গ্রাহকশ্রেণির বিদ্যুতের খুচরা মূল্যহার পরিবর্তনের জন্য ২২ অক্টোবর ২০১৯ তারিখে বিউবো, ২১ অক্টোবর ২০১৯ তারিখে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো) ও ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (ডিপিডিসি), ২৩ অক্টোবর ২০১৯ তারিখে ঢাকা ইলেক্ট্রিক সাপ্লাই কোম্পানী লিমিটেড (ডেসকো) ও ওয়েষ্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (ওজোপাডিকো) এবং ২০ অক্টোবর ২০১৯ তারিখে নর্দান ইলেক্ট্রিসিটি সাপ্লাই কোম্পানী লিমিটেড (নেসকো) কমিশনে আবেদন দাখিল করে।

০১। কমিশন বিদ্যুৎ সংস্থা/কোম্পানীসমূহের আবেদন পরীক্ষা-নিরীক্ষাতে ২৮ নভেম্বর ২০১৯ এবং ০১-০৩ ডিসেম্বর ২০১৯ তারিখসমূহে গণশুনানি গ্রহণ করে। আবেদনকারী পক্ষগণের আবেদন ও তৎসঙ্গে দাখিলকৃত দলিলাদি এবং সকল পক্ষকে শুনানি অন্তে সমূহ বিষয় বিশদ পর্যালোচনা ও বিশ্লেষণপূর্বক বিদ্যুতের উৎপাদন, সঞ্চালন ও বিতরণ ব্যয় এবং পাইকারি পর্যায়ে বিউবো-কে সরকার কর্তৃক ভর্তুকি প্রদান এবং দেশের আর্থ-সামাজিক অবস্থা বিবেচনায় বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২(খ) ও ৩৪ এ প্রদত্ত ক্ষমতাবলে কমিশন বিদ্যুতের পাইকারি, সঞ্চালন এবং খুচরা মূল্যহার পুনঃনির্ধারণ করেছে, যথা:-

(ক) বিদ্যুতের একক ক্রেতা হিসেবে বিউবো এর উৎপাদন ব্যয় এবং পাইকারি পর্যায়ে বিউবো-কে সরকার কর্তৃক ২০২০ সালে ৩,৬০০ কোটি টাকা ভর্তুকি বিবেচনায় বিদ্যুতের বিদ্যমান পাইকারি (বাঙ্ক) মূল্যহার ভারিত গড় (Weighted Average) ৮.৭৭ টাকা/কি.ও.ঘ. থেকে ৮.৪% বৃদ্ধি করে ৫.১৭ টাকা/কি.ও.ঘ. পুনঃনির্ধারণ করতঃ আদেশ প্রদান করা হয়েছে (প্রজ্ঞাপন সংযুক্ত);

(খ) পিজিসিবি এর সঞ্চালন ব্যয় বিবেচনায় বিদ্যুতের বিদ্যমান সঞ্চালন মূল্যহার বা হাইলিং চার্জ ভারিত গড় (Weighted Average) ০.২৭৮৭ টাকা/কি.ও.ঘ. থেকে ৫.৩% বৃদ্ধি করে ০.২৯৩৪ টাকা/কি.ও.ঘ. পুনঃনির্ধারণ করতঃ আদেশ প্রদান করা হয়েছে (প্রজ্ঞাপন সংযুক্ত);

(গ) বিদ্যুতের পুনঃনির্ধারিত পাইকারি (বাঙ্ক) ও সঞ্চালন মূল্যহার এবং বিতরণ ব্যয় বিবেচনায় বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানীসমূহের বিভিন্ন গ্রাহকশ্রেণির বিদ্যমান খুচরা বিদ্যুৎ মূল্যহার ভারিত গড় (Weighted Average) ৬.৭৭ টাকা/কি.ও.ঘ. থেকে ৫.৩% বৃদ্ধি করে ৭.১৩ টাকা/কি.ও.ঘ. পুনঃনির্ধারণ করতঃ আদেশ প্রদান করা হয়েছে (প্রজ্ঞাপন সংযুক্ত) এবং

(ঘ) বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানীসমূহের খুচরা বিদ্যুৎ মূল্যহারের শর্তাবলী, প্রযোজ্যতা এবং বিবিধ চার্জ/ফি পুনঃনির্ধারণ করতঃ আদেশ প্রদান করা হয়েছে (প্রজ্ঞাপন সংযুক্ত)।

০৩। কমিশনের আদেশ বিল মাস মার্চ ২০২০ হতে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত তা বলবৎ থাকবে।

, ~~~~~ 27.2.2020  
মো: রফিকুল ইসলাম  
সচিব  
ফোন: ০২-৯১৪ ০১২৫